

(8)

Ex./BANGLAUG/3.2/18/2017

খ. কে লিখবে

স্নেহ রঙের বিকেলের ওপর আলো

একটা লোক লগি হাতে ঘুরে বেড়ায়
এ গলি ও গলি

আর লিখে দেয়
একটা একটা করে
তারা

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭
(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)
সাম্মানিক বাংলা
ছন্দ অলঙ্কার ইমেজারি
কোর্স ইউ.জি.-৩.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

১. পয়ার কোনো ছন্দোরীতি নয়, বরং এক ছন্দোবন্ধ।—মস্তব্যটি ব্যাখ্যা
করো।

অথবা

২. মিশ্রবৃত্ত ছন্দের শোষণশক্তির প্রসঙ্গটি উদাহরণসহ বুঝিয়ে দাও।

৩। ছন্দোলিপি তৈরি করে নীচের অংশগুলি কোন ছন্দে লেখা জানাও।

ক. ওই মেয়েটির কাছে

সন্ধ্যাতারা আছে।

২

খ. ছড়া ছাই ছন্দে

গাথা দল বন্ধে

অর্থাৎ রুদ্ধ ও মুক্ত—

৩

দল সমমাত্রা

পঙক্তির যাত্রা

শ্বাসাঘাতে দ্রুত লয় যুক্ত।

৪

(Turn Over)

(২)

গ. যে আমার চোখে চোখ রাখে,
যে আমার সহমত নয়
যে আমাকে ততটা আমল
দিল না, দেবে না মনে হয়
এমনকী যেভাবে নিজেকে
ভেবেছি, ভাবাই 'পাঁচ' জনে—
সেভাবে মোটেই সে ভাবে না,
হয়তো বা হাসে মনে মনে
আমি কিম্বা আমাদের মতো
সমান চালেতে যে চলে না
তার মানে স্বাভাবিক নয়
তাকে ঠিক বন্ধু বলে না,
যারা বন্ধু নয় তারা ছাড়া
শত্রু হতে পারে আর কারা ?

৪। দুটি পর্ব থেকে একটি করে নিয়ে মোট দুটি অলংকারের সংজ্ঞা ও
উদাহরণ দাও।

ক. অর্থান্তরন্যাস/সর্বানুপ্রাস

খ. বক্রোক্তি/সমাসোক্তি $২+২=৪$

৫। যে কোনো দুটি অংশের অলংকার নির্ণয় করো। প্রয়োজনীয় যুক্তি
দাও। $২+২=৪$

ক. 'তৃপ্তি আমার অতৃপ্তি মোর।

মুক্তি আমার বন্ধন ভোর ॥'

(৩)

খ. হাথক দরপণ মাথক ফুল।/নয়নক অঞ্চল মুখক তাম্বুল ॥/

হৃদয়ক মৃগমদ গীমক হার।/দেহক সরবস তোকে সার ॥

গ. একটি চুম্বন

ললাটে রাখিয়া যাও, একান্ত নির্জন

সঙ্ঘ্যার তারার মতো।

বোঝনি এত কথা আঁখির মুখরতা আছিলে নির্বোধ এত কি

গন্ধে বোঝনি কি গোপনে ফুটেছিল গুমরি কাঁটাবনে কেতকী।

৫. কবিতার ইমেজ বলতে তুমি কী বোঝ সংক্ষেপে আলোচনা করো।
তোমার পড়া কবিতা থেকে কয়েকটি উদাহরণ দাও। ৮

অথবা

৬. এজরা পাউণ্ড ও তার সহযোগীরা ইমেজকে কেন্দ্র করে কবিতার যে
সব শর্ত তৈরি করেছিলেন তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ৮

অথবা

৭। নীচের কবিতা দুটি পড়ে ইমেজ বিশ্লেষণ করো। $৪+৪=৮$

ক. আমলকী গাছে ঠেস দিয়ে আছে শীত

উড়ে গেল তিনটে প্রজাপতি

একটি কিশোরী তার করমচা রঙের হাত মেলে দিল বিকেলের দিকে

সূর্য খুশি হয়ে উঠলেন,

তার পুনরায় যুবা হতে সাধ হল।

(Turn Over)